

## জাবিতে জাতীয়তাবাদী ফোরামের মানববন্ধন

জাবি প্রতিনিধি

১৮ দলের জাতি-মার্চ ফর ডেনোক্রেনি কর্মসূচি সফল করতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিকড়-কর্মকর্তা-কর্মচারী ফোরাম। ১৮ দলের যোজিত মার্চ ফর ডেনোক্রেনি সফল করতে একটি মানববন্ধন কর্মসূচি গতকাল শনিবার সকাল ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের জয় বাংলা গেটে পালন করা হয়। পরে একটি বিক্ষোভ মিছিল বের করে তারা। মিছিলটি জয় বাংলা গেট থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান প্রদক্ষিণ করে শহীদ মিনারে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে দর্শন বিভাগের অধ্যাপক মুহম্মদ কামরুল আহছান বলেন, 'প্রধানমন্ত্রী বিরোধী দলের নেতা-কর্মীদের গ্রেপ্তার করছেন। হামলা করে নামস্কা দিয়ে নেতা-কর্মীদের নির্বাসন করছেন। এ সরকার পগতন্ত্রকে ধ্বংস

করে বৈরতন্ত্রকে প্রতিষ্ঠা করেছে। এ সরকারের পতন অনিবার্য। সমাবেশে অন্যদের মাধ্যমে জাতীয়তাবাদী শিকড় ফোরামের সাধারণ সম্পাদক অধ্যাপক পানমুল আলম সেলিম অতিমারি সমিতির সাধারণ সম্পাদক আবদুর রহমান বাবুল, কদা ও মানবিকী অনুবাদের ডিন নৈয়ম কামরুল আহছান প্রমুখ বক্তব্য দেন।

ছাত্রলীগের বিক্ষোভ মিছিল আন্দোলনের নামে বিএনপি ও আমন্ত্রণের দেশব্যাপী ভাঙচুর ও অধিসংযোগের প্রতিবাদে মিছিল করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। জাবি শাখা ছাত্রলীগের সভাপতি মাহমুদুর রহমান অনি ও সাধারণ সম্পাদক রাসিম আহমেদ রাশেদের নেতৃত্বে গতকাল দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের পরিবহন চত্বর থেকে শুরু হওয়া এ মিছিলে ছাত্রলীগের পতাধিক নেতা-কর্মী অংশ নেয়। মিছিলটি পরিবহন চত্বর থেকে শুরু হয়ে মনুজ ক্যাম্পাস প্রদক্ষিণ করে।